তারিখ 08 MAR 1987
পৃষ্ঠা ... ৫ ... কলাম ১

দৈনিক বাংলা

6

বাংলাদেশ শিক্ষা ত... ডকুমেন্টেশন কেন্দ্র

# শিক্ষার প্রেরণা

শিক্ষামন্ত্রী জনাব মাহবুবুর রহমান বলেছেন, যে সব স্কুলে পরীক্ষার ফল ভাল হবে সে সব স্কুলে সরকারী অনুদান বাড়বে পক্ষান্তরে যে সব স্কুলে নৈরাজ্য সন্ত্রাস বিরাজ করবে এবং নিয়মিত ক্লাস বা পরীক্ষা হবে না সে সব স্কুল সরকারী অনুদান পাবে না। মন্ত্রী কেরানীগঞ্জের দোলেশ্বর আদর্শ বিদ্যালয়ের বহুতল ভবনের উদ্বোধনী অনুষ্ঠানে ভাষণ দিতে গিয়ে একথা বলেন।

এই ব্যবস্থা কার্যকর হলে শিক্ষাঙ্গনে সুস্থ ও শিক্ষার উপযোগী পরিবেশ গড়ে তুলতে অনেকে প্রেরণা পাবেন বলে আশা করা যায়। আমাদের দেশের শিক্ষাঙ্গনের পরিবেশ যে শিক্ষার জন্যে অনুকূল নয় এ বিষয়ে প্রায় সকলেই একমত। তবে এই প্রতিকূল অবস্থার জন্যে কে বা কারা দায়ী সে বিষয়ে একমত হওয়া তেমন সহজ নয়। শিক্ষাঙ্গনে নৈরাজ্য ও শৃংখলার বিষয়টা বেশ জটিলই। তবে লেখাপড়া করানো বা পরীক্ষার ফল ভাল করানো সম্ভবত কিছুটা নিয়ন্ত্রণযোগ্য। আমাদের দেশের অধিকাংশ শিক্ষাপ্রতিষ্ঠানে অবশ্য পরীক্ষার ফল ভাল বা মন্দ করার দায়দায়িত্ব ব্যক্তিগতই। প্রতিষ্ঠান এ জন্যে দায়িত্ব কমই নিয়ে থাকে। মাসের পর মাস অনেক প্রতিষ্ঠানে ক্লাস বন্ধ থাকে, শিক্ষক অনুপস্থিত থাকে। যে শিক্ষার্থী নিজস্ব উদ্যোগে লেখাপড়া চালিয়ে যায় সে পরীক্ষায় ভাল করতে পারে। আবার নকল করে পরীক্ষায় ভাল করার আরেক রকম পদ্ধতিও আছে। সে প্রসঙ্গ না হয় আপাতত স্থগিতই থাক।

তবে সরকারী অনুদানের প্রেরণা শিক্ষাপ্রতিষ্ঠানের কর্তৃপক্ষকে প্রতিষ্ঠানকে শিক্ষার উপযোগী করে গড়ে তুলতে আগ্রহী করবে বলে আশা করা যায়। শিক্ষাপ্রতিষ্ঠানে শিক্ষক থাকবেন ক্লাস হবে হয়ত শিক্ষকরা ভালভাবে পড়াবার চেষ্টাও করবেন। আগ্রহী ছাত্রছাত্রীরাও উপকৃত হবে। তবে সবপক্ষের আন্তরিক চেষ্টা না থাকলে শিক্ষাঙ্গনের নৈরাজ্য কারো একার চেষ্টায় দূর হবার নয় সে কথা আগেই বলেছি। আমরা আশা করব শিক্ষার অনুকূল পরিবেশ সৃষ্টির পক্ষেই সবাই চেষ্টা চালিয়ে যাবেন।